প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।

সূত্র নং- ৪৯.০০৩.০৯৯৯.০৪.০২৬:-৬৪৭৫

তাং-১০/০২/২০১৬খ্রিঃ

# অফিস আদেশ

প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদের ৩০ তম সভায় ঋণ বিতরণের সর্বোচ্চ সীমা পূণ:নির্ধারণ করা হয়। পূণ:নির্ধারণের আলোকে শাখা থেকে প্রাপ্ত ঋণ প্রস্তাব অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের ২২ তম সভায় অনুমোদিত ঋণ মঞ্জুরীর ক্ষমতা প্রযোগের নিয়মাচার/নীতিমালার ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালকের উপর অর্পিত ক্ষমতা নিম্নরূপভাবে অর্পন (Delegate) করা হলোঃ-

(ক) উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় ২(দুই) লক্ষ টাকা পর্যন্ত অভিবাসন ও পুনর্বাসন ঋণ মঞ্জুর করবেন।

(খ) মহাব্যবস্থাপক মহোদয় ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত অভিবাসন ও পুনর্বাসন ঋণ মঞ্জুর করতে করবেন।

০২। এ সংক্রান্ত পূর্বের সকল আদেশ রহিত করা হল। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদান্তে,

১০/২/১৬

কামরুন নাহার আহমেদ
ব্যবস্থাপনা পরিচালক

সদয় অবগতির জন্যঃ
০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়
০৪। সকল বিভাগীয় প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক।
০৬। অফিস কপি।

ফোন : +৮৮০২ ৮৩২২৮৭৩, ৮৩২১৮৭৮, ফ্যাক্স : +৮৮০২ ৮৩২২০২৮, E-mail: info@pkb.gov.bd, Web: www.pkb.gov.bd

# প্রবাসী কল্যাণ ব্যাংক
## পরিচালনা পর্ষদ সচিবালয়
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।
ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd


নং-৪৯.০৩.০৯৯৯.০১.০১১.২০১৫-৩২(১১) তারিখঃ ১৬.০৮.২০১৫

বিষয় ঃ প্রবাসী কল্যাণ ব্যাংক পরিচালনা পর্ষদের ৩০তম সভার সিদ্ধান্ত।

মহোদয়,

আপনার অধীনস্ত ঋণ ও অগ্রীম বিভাগ কর্তৃক পরিচালনা পর্ষদের ৩০তম সভায় উত্থাপিত বিষয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্ত অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

আলোচ্যসূচি নং- ৩০.০৬ ঃ অভিবাসন ঋণের সর্বোচ্চ সীমা পুন:নির্ধারণ এবং পুনর্বাসন ঋণের ব্যবসায়িক ক্ষমতা বৃদ্ধি।

সিদ্ধান্ত ঃ পরিচালনা পর্ষদ অভিবাসন ঋণের সর্বোচ্চ সীমা ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা, বিমানের টিকেটসহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় মেটানোর জন্য সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা এবং পুনর্বাসন ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের ব্যবসায়িক ক্ষমতা ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা নির্ধারণের প্রস্তাব অনুমোদন করে।

বোর্ড সচিবের নির্দেশক্রমে

(মোহাম্মাদ কামাল হোসেন)
সিনিয়র এক্সিকিউটিভ অফিসার
পরিচালনা পর্ষদ সচিবালয়

বিভাগীয় প্রধান
ঋণ ও অগ্রীম বিভাগ।

# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা

---

নং ঃ ৪৯.০৩.০৯৯৯.০৫.০০৭.০০.১১/১২৭৫ তারিখ ঃ ২৩.০৬.২০১৪খ্রিঃ

## অফিস আদেশ

প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখার সংখ্যা বৃদ্ধির সাথে সাথে ঋণ গ্রহীতাদের চাহিদা/ সংখ্যাও দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই ঋণ প্রদান প্রক্রিয়া দ্রুততর করার লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক তার উপর অর্পিত ক্ষমতা বিভিন্ন কর্মকর্তাদের উপর অর্পন করা প্রয়োজন মনে করেন।

০২। অতএব, ব্যাংকের বোর্ডের ২২তম সভায় অনুমোদিত "অর্পিত ব্যবসায়িক ক্ষমতা" এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালক অর্পিত ক্ষমতা নিম্নরূপ ভাবে অর্পন করলেন ঃ-

(ক) উপ-ব্যবস্থাপনা পরিচালক ১ লক্ষ টাকা পর্যন্ত অভিবাসন ও পূর্ণবাসন ঋণ মঞ্জুর করতে পারবেন।

(খ) মহাব্যবস্থাপক ৫০ হাজার টাকা পর্যন্ত অভিবাসন ও পূর্ণবাসন ঋণ মঞ্জুর করতে পারবেন।

০৩। এই আদেশ আগামী ০১.০৭.২০১৪খ্রিঃ হতে কার্যকর হবে।

ধন্যবাদান্তে

সি এম কয়েস সামি
(ব্যবস্থাপনা পরিচালক ও সিইও)
প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য ঃ

০১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রধান কার্যালয়।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রধান কার্যালয়।
০৩। স্টাফ অফিসার, কনসালটেন্ট, প্রধান কার্যালয়।
০৪। বিভাগীয় প্রধান (মানব সম্পদ), প্রধান কার্যালয়।
০৫। সকল বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়।
০৬। সকল শাখা ব্যবস্থাপক।
০৭। অফিস কপি।

ফোনঃ +8802 8322873, ফ্যাক্সঃ +8802 8322328, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd

## প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন,

৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন ঢাকা।

# ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে অর্পিত ক্ষমতা প্রয়োগের নিয়মাচার/নীতিমালা

**১। অর্পিত ক্ষমতা প্রয়োগঃ**

ব্যাংকের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাগণ ব্যাংকের স্বার্থের দিকে লক্ষ্য রেখে সতর্কতা/ সাবধানতার সাথে বিধিসম্মত ও যুক্তিসম্মতভাবে তাদের অর্পিত ক্ষমতা প্রয়োগ করবেন। ক্ষমতা প্রয়োগকালে অনুমোদনকারী কর্তৃপক্ষ ব্যাংক কোম্পানী আইন, বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে প্রেরিত ঋণ বিধিনিষেধ, ঋণ নিয়মাচার, ঋণের মেয়াদ ও পরিশোধ সংক্রান্ত নির্দেশাবলী মেনে চলবেন।

**২। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার ক্ষমতার প্রয়োগঃ**

ভাইস প্রেসিডেন্ট, ডেপুটি ভাইস প্রেসিডেন্ট, এ্যাসিসটেন্ট ভাইস প্রেসিডেন্ট , প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার, সিনিয়র এক্সিকিউটিভ অফিসার, এক্সিকিউটিভ অফিসার তখনই অর্পিত ক্ষমতা প্রয়োগ করতে পারবেন যখন তারা ব্যাংকের প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান হিসাবে অথবা কোন অঞ্চল প্রধান হিসাবে কিংবা কোন শাখা ব্যবস্থাপক হিসাবে নিয়োজিত থাকবেন। অন্যথায় অর্পিত ক্ষমতা প্রয়োগ করা যাবে না।

**৩। বন্ধকীতব্য সম্পত্তির দলিলাদি যাচাইঃ**

সম্পত্তি বন্ধকীর বিপরীতে প্রদত্ত ঋণের ক্ষেত্রে মূল দলিল, প্রযোজ্য ক্ষেত্রে ভাঁয়াদলিল এবং আনুষঙ্গিক খতিয়ান যথা-সি এস পর্চা, এস এ পর্চা, বি এস পর্চা, মিউটেশন সার্টিফিকেট, জমির সাইট প্লান, খাজনার রসিদ(হাল সনদসহ) নির্দায়ী সনদপত্র(Non-encumbrance Certificate) ইত্যাদি ব্যাংকের তালিকাভূক্ত আইনজীবী অথবা ব্যাংকের আইন উপদেষ্টার দ্বারা পরীক্ষা করাতে হবে এবং সংশ্লিষ্ট সম্পত্তির মালিকের দখলী স্বত্বের সঠিকতা এবং উক্ত সম্পত্তি ব্যাংকের জামানত হিসাবে গ্রহনের ব্যাপারে ও জমির মূল্যের যথার্থতা সম্পর্কে শাখা কর্তৃক নিশ্চিত হতে হবে।

৫। ঋণ আবেদনের প্রয়োজনীয় কাগজপত্রঃ

## পুনর্বাসন ঋণ (Rehabilitation Loan), সমন্বিত ঋণ (Integration Loan), প্রকল্প ঋণ (Project Loan) আবেদনের প্রাক-যোগ্যতামূলক কাগজপত্র ঃ

* আবেদনকারীর আবেদন পত্রসহ তথ্য সংবলিত জীবন বৃত্তান্ত।

* আবেদনকারী সদ্য তোলা ০৩ কপি পার্সপোর্ট সাইজ ছবি, ভোটার আইডি কার্ডের ফটোকপি, বর্তমান ও স্থায়ী ঠিকানা সংবলিত সিটি কর্পোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।

* হাল নাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি ( যদি না থাকে তাহলে কারণ উল্লেখ করতে হবে)।

* প্রকল্পের বিস্তারিত বিবরণসহ প্রকল্পের ঠিকানা। নতুন প্রকল্প হলে সম্ভাব্য আয়-ব্যয় বিবরণী আগামী ০২(দুই) বছরের।

প্রকল্পের স্থানঃ

(ক) ভাড়া করা হলে চুক্তিপত্রের ফটোকপি।

নিজেস্ব জায়গা হলে প্রমাণপত্র।

পুরোনো প্রকল্প হলে ০২ বছরের লাভ/লোকসানের হিসাব ও ঋণ গ্রহীতার নিজেস্ব বিনিয়োগের পরিমাণ।

* জমির দলিলপত্রাদি/পর্চা/মিউটেটেড খতিয়ান ও হালনাগাদ খাজনার দাখিলার সত্যায়িত ফটোকপি (যেটা জামানত দিবেন)।

* আবেদনকারীর জামিনদারের প্রত্যেকের সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজ ছবি, ভোটার আইডি কার্ডের ফটোকপি, বর্তমান ও স্থায়ী ঠিকানা সংবলিত সিটি কর্পোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।

এছাড়া যে সকল ব্যক্তি জামিনদার হবেন তাদের নিম্নলিখিত কাগজপত্র যেমনঃ

ক) জামিনদারের আর্থিক সঙ্গতির কাগজপত্র ( প্রয়োজনীয় ক্ষেত্রে)।

খ) জামিনদারগণের অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ঋণ অথবা অন্য কারো জামিনদার হলে তার পূর্ণ বিবরণ।

* বিদেশ থেকে প্রত্যাগমন সংক্রান্ত যাবতীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি যেমনঃ

ক) কবে ফিরেছেন (সাল/তারিখ) পাসপোর্ট এর কপিসহ।

খ) পুনরায় যাবার সম্ভাবনা/ইচ্ছা আছে কি না থাকলে এর কারণ কী বিবরণ।

* আবেদনকারীর কর্ম অভিজ্ঞতা সনদপত্র যথাঃ

ক) হাঁস-মুরগী পালন, গরু-ছাগল পালন, মৎস চাষ ইত্যাদি প্রকল্পের জন্য কোন প্রশিক্ষণ/ অভিজ্ঞতা থাকলে তার সনদপত্র।

* আর্থিকভাবে ও সামাজিক ভাবে প্রতিষ্ঠিত (০২) জন পরিচয় দানকারীর নাম ঠিকানা ফোন নম্বরসহ।

* ঋণ সংক্রান্ত তথ্যাবলিঃ

ক। ব্যক্তিগত ঋণের বিবরণ ( অন্য কোন ঋণ থাকলে তার বিবরণী)।

খ। কোন সংস্থা, এনজিও, ব্যাংক হতে ঋণ নিয়ে থাকলে তার বিবরণী।

গ। ঋণ খেলাপী কি না ( হাঁ/না)

## অভিবাসন ঋণ গ্রহণের প্রয়োজনীয় কাগজপত্রঃ

* ঋণ আবেদনকারীর সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি, ভোটার আইডি কার্ডের ফটোকপি, বর্তমান ও স্থায়ী ঠিকানা সংবলিত সিটি কর্পোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এবং পাসপোর্টের ফটোকপি।

* দূতাবাস কর্তৃক ইস্যুকৃত ভিসা, লেবার কন্ট্রাক্ট ও মেডিকেল সার্টিফিকেট, বিমান টিকিট/টিকেট সিডিউল, রিক্রুটিং/ ট্রাভেল এজেন্সির প্রত্যয়ন (প্রযোজ্য ক্ষেত্রে)।

* বিএমইটি(BMET) কর্তৃক ইস্যুকৃত ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স (Smart Card) এবং প্রশিক্ষণ সংক্রান্ত/কর্ম অভিজ্ঞতার স্বপক্ষে সনদ( যদি থাকে)

* আবেদনকারীর জামিনদারদের প্রত্যেকের সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি বর্তমান ও স্থায়ী ঠিকানা সংবলিত সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ সার্টিফিকেট এবং পেশা সংক্রান্ত দালিলিক প্রমাণ।

* জামিনদারদের যে কোন একজনের ব্যাংক সার্টিফিকেট ও স্বাক্ষরকৃত ০৩ টি চেক। ঢাকার ক্ষেত্রে (MICR) চেক।

* হলফনামা।

অনুসন্ধান নিয়মাবলীঃ

ঋণ প্রস্তাব প্রস্তুতকরণের পূর্বে গ্রাহকের আর্থিক সঙ্গতি, ক্রেডিট রিপোর্ট সংগ্রহ ও সংরক্ষণ এবং প্রয়োজনীয় দলিল / কাগজ-পত্রাদির সঠিকতা যাচাই ইত্যাদি সংক্রান্ত প্রচলিত নিয়মাবলী যথাযথভাবে পালন করতে হবে।

**৭। মঞ্জুরী শর্তাবলী গ্রাহককে অবহিতকরণ ও সম্মতিপত্র গ্রহনঃ**

ঋণ মঞ্জুরীর শর্তাবলী ঋণ পরিচালনাকারী শাখা কর্তৃক লিখিতভাবে গ্রাহককে ঋণ মঞ্জুরী পত্র পাওয়ার ৩(তিন) দিনের মধ্যে জানাতে হবে এবং উক্ত শর্তাদিতে গ্রাহক ঋণ সুবিধা ভোগ করতে সম্মত আছেন এ মর্মে ৭(সাত) দিনের মধ্যে গ্রাহকের লিখিত সম্মতিপত্র গ্রহণ করতে হবে।

**৮। মঞ্জুরী পত্র বিতরণঃ**

ক) শাখা প্রধান কর্তৃক ঋণ মঞ্জুরী প্রদান করার সাথে সাথে মঞ্জুরী পত্রের অনুলিপি প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

**৯। ঋণ মঞ্জুরী রেজিষ্টার সংরক্ষণঃ**

ক) ঋণ মঞ্জুরকারী সকল কর্মকতা তাদের নিজ নিজ কার্যালয় হতে মঞ্জুরীকৃত ঋণের সকল তথ্যাদি ক্রমানুসারে লিপিবদ্ধ করার জন্য **"ঋণ মঞ্জুরী রেজিষ্টার"** সংরক্ষণ করবেন।

**১০। অপিত ক্ষমতা ডেলিগেশন/রহিতকরণঃ**

ক) ব্যাবস্থাপনা পরিচালক তার উপর অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে অধীনস্থ কর্মকর্তাদের উপর আংশিক বা সামগ্রিকভাবে অর্পন (delegation) করতে পারবেন।

খ) সকল স্তরের কর্মকর্তাদের উপর অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে ব্যবস্থাপনা পরিচালক সাময়িকভাবে রহিত/স্থগিত করতে পারবেন।

১১। ঋণ প্রদানে ব্যাংকের প্রচলিত নিয়মাবলী/ নীতিমালা অনুসরণপূর্বক তা পরিপালন নিশ্চিত করতে হবে। এ ছাড়া পরিদর্শন প্রক্রিয়া ও মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

# অর্পিত ব্যবসায়িক ক্ষমতা

## সংযোজনী-৩

| ক্র.নং | অর্পিত ক্ষমতার প্রকৃতি | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ব্যবস্থাপনা পরিচালক | উপব্যবস্থাপনা পরিচালক | মহাব্যবস্থাপক | বিভাগীয় প্রধান | শাখা ব্যবস্থাপক | মন্তব্য |
| ১ | অভিবাসন ঋণ | যে কোনো পরিমাণ | - | - | - | প্রধান শাখার ব্যবস্থাপক ১.০০ লক্ষ টাকা পর্যন্ত । তবে হংকং গামী অভিবাসী ঋণের জন্য প্রধান কার্যালয়ের অনুমতি নিতে হবে। | |
| ২ | পুর্নবাসন ঋণ | ৫.০০ লক্ষ পর্যন্ত | - | - | - | প্রধান শাখার ব্যবস্থাপক ১.০০ লক্ষ টাকা পর্যন্ত । | ৫.০০ লক্ষের উর্ধ্বে পরিচালনা বোর্ড |